



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducaonaboard.gov.bd

নং- ঢাশিবো/বি/অ/১১৬/ফরিদ/৬৬১২

তারিখ: ১৪/১১/২০২৪

বিষয় : বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ সাহিদুজ্জামান সাহিদ-কে স্বপদে পূর্ববাহাল প্রসঙ্গে।

সূত্র : (১) ম্যানেজিং কমিটির সিদ্ধান্তসহ ১৮/০৭/২০২২ তারিখের আবেদন।

(২) ঢাশিবো/বি/৬/আএন্ডআ/১০৬৫, তারিখ ২০/০৯/২০২২ইং।

(৩) বোর্ডের ১৮/০৯/২০২৪ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির যাচাই বাছাই ও মতামত।

(৪) ১৮/০৯/২০২৪ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক যাচাই বাছাইয়ের ভিত্তিতে ১৭/১০/২০২৪ তারিখের ২৩২ তম বোর্ড সভায় অনুমোদন।

(৫) প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ সাহিদুজ্জামান সাহিদ কর্তৃক দেওয়ানী মোকদ্দমা নং- ২৫/২০২০ ও মিস ভায়োলেশন নং- ০৩/২০২১ মামলা দুইটির প্রত্যাহারের দাখিলকৃত কাগজ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ সাহিদুজ্জামান সাহিদ -এর চূড়ান্ত বরখাস্তের স্বপক্ষে আনীত অভিযোগসমূহ বিস্তারিত আলোচনা, তদন্ত প্রতিবেদনের সুপারিশ ও তথ্য উপাত্ত বিশ্লেষণ করে বিগত ১৮/০৯/২০২৪ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় দেওয়ানী মোকদ্দমা নং- ২৫/২০২০ ও মিস ভায়োলেশন নং- ০৩/২০২১ মামলা দুইটির প্রত্যাহারের আদেশ প্রাপ্তি স্বাপেক্ষে স্বপদে পূর্ববাহালের জন্য সুপারিশ করা হয়। এ প্রেক্ষিতে জনাব মোঃ সাহিদুজ্জামান সাহিদ গত ১১/১১/২০২৪ইং তারিখে সূত্রোক্ত ৫ নং ক্রমিক উল্লেখিত দেওয়ানী মোকদ্দমা নং- ২৫/২০২০ ও মিস ভায়োলেশন নং- ০৩/২০২১ মামলা দুইটি প্রত্যাহার করে জাবেদা নকলের কপি দাখিল করেন। বিগত ১৭/১০/২০২৪ তারিখে অনুষ্ঠিত ২৩২-তম বোর্ড সভায় বিদ্যালয়টির প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ সাহিদুজ্জামান সাহিদ -কে বকেয়া বেতন ভাতাদিসহ স্বপদে পূর্ববাহাল করার বিষয়টি অনুমোদন লাভ করে।

এমতাবস্থায়, পত্র ইস্যুর তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ সাহিদুজ্জামান সাহিদ -কে বকেয়া বেতনসহ স্বপদে পূর্ববাহাল করে বোর্ডকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

প্রফেসর আজাদ হোসেন চৌধুরী

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ০২-৯৬৬৯৮১৩

প্রাপক : সভাপতি, ম্যানেজিং কমিটি
বাউষখালী উচ্চ বিদ্যালয়
বাউষখালী, সালথা,
ফরিদপুর।

মেমো নং-৬৬১২(১০)

তারিখ: ১৪/১১/২০২৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, ফরিদপুর।
- ৫। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৬। জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর।
- ৭। প্রধান শিক্ষক(ভারপ্রাপ্ত), বাউষখালী উচ্চ বিদ্যালয়, বাউষখালী, সালথা, ফরিদপুর।
- ৮। জনাব মোঃ সাহিদুজ্জামান সাহিদ, প্রধান শিক্ষক (বরখাস্তকৃত), বাউষখালী উচ্চ বিদ্যালয়, বাউষখালী, সালথা, ফরিদপুর।
- ৯। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস কপি।

সচিব ১৪.১১.২৪

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।